



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫ কাওরান বাজার, ঢাকা -১২১৫


www.iresppw-brdb.gov.bd/Fax-8189129

স্মারকনং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৭০

তারিখ-১১/১২/২০১৭খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদের নিজস্ব তহবিল/পুঁজি গঠনের লক্ষ্যে সঞ্চয় জমাকরণের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয় এবং একইসাথে আত্মকর্মসংস্থানমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ ও আইজিএ ভিত্তিক আর্থিক সহায়তা (ঋণ) প্রদান করা হয়। এছাড়াও প্রকল্পের গ্রাজুয়েট সদস্যদের কর্মকান্ডের উপর ভিত্তি করে উদ্যোক্তা ঋণ প্রদানের আর্থিক সংস্থান রয়েছে; কিন্তু ইতোপূর্বে উপজেলা ও জেলা হতে উদ্যোক্তা ঋণের যে সকল প্রস্তাব প্রকল্প অফিসে প্রেরণ করা হয় তাতে লক্ষ্য করা যাচ্ছে যে, সুফলভোগী সদস্যদের চাহিত ঋণের বিপরীতে জমাকৃত সঞ্চয়ের পরিমাণ খুবই নগণ্য অর্থাৎ ক্ষেত্র বিশেষে তা ৫% এরও নীচে। যার ফলশ্রুতিতে চাহিত ঋণ অনুমোদন পরবর্তী প্রদানের/বিতরণের ক্ষেত্রে তা হতে ১৫% হারে সঞ্চয়ের অর্থ সমন্বয় করে অবশিষ্ট অর্থ তিনি নগদে হাতে পান। এতে করে সুফলভোগী সদস্যগণ তাদের প্রয়োজনীয় অর্থ নগদে হাতে না পাওয়ার ফলে তার লক্ষ্যমাত্রা অনুযায়ী লভ্যাংশ অর্জনে ব্যর্থ হচ্ছে যার ফলে প্রকল্পে উদ্যোক্তা সৃষ্টির মূল উদ্দেশ্য ব্যহত হচ্ছে। তাই এখন থেকে কোন গ্রাজুয়েট সদস্যকে উদ্যোক্তা ঋণের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অবশ্যই নিয়মিতভাবে জমাকৃত সঞ্চয়ে স্থিতি তার চাহিত ঋণের ন্যূনতম ১০-১৫% থাকতে হবে। অন্যথায়, তিনি উদ্যোক্তা ঋণের জন্য যোগ্য হইবেন না। তাই যে সকল সদস্যকে পরবর্তীতে উদ্যোক্তা ঋণের আওতায় আনার পরিকল্পনা রয়েছে তাদেরকে এখন থেকে নিয়মিতভাবে সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে একটি নির্দিষ্ট পরিমাণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করে সঞ্চয় জমাকরণের উদ্যোগ নিতে হবে।


(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক(ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা : -----
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
৩. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা : -----, জেলা : -----
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা : -----, জেলা : -----
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৭. অফিস নথি/গার্ড ফাইল